



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



কুর'আনিক দু'আ সমূহ:৪



সূরা নিসা দু'আ

رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَأَجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا

কোন অভিভাবক তোমার নিকট থেকে আমাদের জন্য এবং বানিয়ে দাও তার অধিবাসীরা জালিম জনপদ এই হতে আমাদের বের কর হে আমাদের রব
a protector Yourself from for us and appoint its people (are) oppressor(s) [the] town [the] this of take us out Our Lord"

وَأَجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا

কোন সাহায্যকারী তোমার নিকট থেকে আমাদের জন্য ও বানাও
a helper Yourself from for us and appoint

رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَأَجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا

‘হে আমাদের প্রতিপালক! অত্যাচারী অধিবাসীদের এই নগর হতে আমাদেরকে বাহির করে অন্যত্র নিয়ে যাও এবং তোমার নিকট হতে কাউকে আমাদের অভিভাবক কর এবং তোমার নিকট হতে কাউকে আমাদের সহায় নিযুক্ত কর।’সূরা নিসাঃ ৭৫

প্ৰেক্ষাপটঃ সাহাবীরা যারা মক্কায় নির্যাতিত হচ্ছিলেন, হিজরত করতে পারছিলেন না, নিজেদের ঈমানী বলিষ্ঠতার দরুন কাফেরদের অসহনীয় উৎপীড়ন সহ্য করেও ঈমানের উপর স্থির থাকেন। এসব অত্যাচার উৎপীড়ন থেকে অব্যাহতি লাভের জন্য বরাবরই আল্লাহ্ রাক্বুল আলামীনের দরবারে দো'আ করতে থাকেন। শেষ পর্যন্ত আল্লাহ তা'আলা তাদের সে প্রার্থনা মঞ্জুর করে নেন এবং মুসলিমদেরকে নির্দেশ দেন যাতে তারা জিহাদের মাধ্যমে সেই নিপীড়িতদেরকে কাফেরদের অত্যাচার থেকে মুক্ত করেন। ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা বলেন, আমি ও আমার মা অসহায়দের অন্তর্ভুক্ত ছিলাম। [বুখারী ৪৫৮৭]

সূরা মায়িদার দু'আ সমূহ

رَبِّ	إِنِّي	لَا	أَمْلِكُ	إِلَّا	نَفْسِي	وَأَخِي	فَأَفْرُقْ	بَيْنَنَا	وَبَيْنَ	الْقَوْمِ	الْفَاسِقِينَ
হে আমার রব	নিশ্চয়ই আমি	না	ক্ষমতা রাখি আমি	ছাড়া	আমার নিজের	ও আমার ভাইয়ের	তাই পৃথক করো	মঝে আমাদের	ও মঝে	"সম্প্রদায়ের	"সত্যতাপী(যারা)
!O my Lord"	Indeed, I	not (do)	power (have)	except	myself (over)	and my brother	so (make a) separation	between us	and between	"the people	"defiantly disobedient (the)

رَبِّ إِنِّي لَا أَمْلِكُ إِلَّا نَفْسِي وَ أَخِي فَأَفْرُقْ بَيْنَنَا وَ بَيْنَ الْقَوْمِ الْفَاسِقِينَ

হে আমার রব! আমি ও আমার ভাই ছাড়া আর কারো উপর আমার অধিকার নেই, সুতরাং আপনি আমাদের ও ফাসিক সম্প্রদায়ের মধ্যে বিচ্ছেদ করে দিন। সূরা মায়িদাঃ ২৫

প্রেক্ষাপটঃ হযরত মুসা আ অবাধ্য ও বিদ্রোহী জাতির মোকাবেলায় নিজের অক্ষমতা ও দুর্বলতা প্রকাশ এবং তাদের সাথে তাঁর সম্পর্কহীনতার ঘোষণার সাথে রবের কাছে অভিযোগের সুরে এই দু'আ করেন।

رَبَّنَا	ءَامَنَّا	فَاكْتُبْنَا	مَعَ	الشَّاهِدِينَ
হে আমাদের রব	আমরা ঈমান এনেছি	অতএব আমাদেরকে তালিকাভুক্ত করো	সাথে	সাক্ষীদের
Our Lord"	we have believed	so write us	with	the witnesses

رَبَّنَا ءَامَنَّا فَاكْتُبْنَا مَعَ الشَّاهِدِينَ

হে আমাদের প্রতি পালক, আমরা মুসলমান হয়ে গেলাম। অতএব, আমাদেরকেও মান্যকারীদের তালিকাভুক্ত করে দিন। (আয়াতঃ ৮৩)

প্রেক্ষাপটঃ মুসলিমদের সাথে শক্রতা ও বন্ধুত্বের মাপকাঠিতে ঐসব আহলে কিতাব, যারা সত্যানুরাগ ও আল্লাহভীতির কারণে মুসলিমদের প্রতি হিংসা ও শক্রতা পোষণ করত না। আল্লাহ, রাসূল সা ও আল কুর'আনের বানী শুনে তাদের অন্তরের অনুভূতি তুলে ধরে তাদের দু'আ ছিলো।

ارْزُقْنَا وَ أَنْتَ خَيْرُ الرَّزُقِينَ ﴿١١٤﴾

আর আমাদেরকে জীবিকা দান কর। তুমিই তো শ্রেষ্ঠ জীবিকাদাতা।

মায়িদাঃ ১১৪

প্রেক্ষাপটঃ ঈসা আ আল্লাহর কাছে দু'আ করেন।

وَأَرْزُقْنَا	وَأَنْتَ	خَيْرُ	الرَّزُقِينَ
এবং জীবিকা দিন আমাদেরকে	এবং আপনি	উত্তম	জীবিকাদাতা
And provide us	and You	best (are)	the providers (of)

দু'আ সমূহঃ (সূরা আরাফ)

رَبَّنَا	ظَلَمْنَا	أَنْفُسَنَا	وَإِنْ لَمْ	تَغْفِرْ	لَنَا	وَتَرْحَمْنَا	لَنَكُونَنَّ	مِنَ	الْخَسِرِينَ
"হে আমাদের রব"	অন্যায় করেছি আমরা	আমাদের নিজেদের (উপর)	না	ক্ষমা করে তুমি	আমাদেরকে	ও আমাদেরকে দয়া (না) করো	অবশ্যই আমরা হবো	অন্তর্ভুক্ত	"ক্ষতিগ্রস্তদের
Our Lord"	we have wronged	ourselves	and if	You forgive	us [for]	and have mercy (on) us	surely we will be	among	"the losers

رَبَّنَا ظَلَمْنَا أَنْفُسَنَا وَإِنْ لَمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ ﴿

হে আমাদের রব! আমরা নিজেদের ওপর জুলুম করেছি এখন যদি তুমি আমাদের ক্ষমা না করো, এবং আমাদের প্রতি রহম না করো, তাহলে নিসন্দেহে আমরা ধ্বংস হয়ে যাবো। (আয়াতঃ ২৩)

প্রেক্ষাপটঃ তওবা ও ক্ষমা প্রার্থনার এ হল সেই বাক্যসমূহ, যা আদম (আঃ) বরকতময় মহান আল্লাহর কাছ থেকে শেখেন।

رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ

"সীমালঙ্ঘনকারী (যারা) সম্প্রদায়ের (এসব) সাথে আমাদের করো না হে আমাদের রব"
"the wrongdoers - the people with place us not (Do) !Our Lord"

رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ

হে আমাদের প্রতিপালক, আমাদেরকে এ জালেমদের সাথী করো না।(আয়াতঃ ৪৭)

প্রেক্ষাপটঃ আরাফবাসীরা জাহান্নামীদেরকে যখন তাদের পাশ দিয়ে জাহান্নামে নিয়ে যাওয়া হবে, তখন তারা ভীত সন্ত্রস্ত হয়ে এই দু'আ করবে।
দুনিয়াতেও যালিমদের সংস্পর্শ থেকে আত্মরক্ষার জন্য এই দু'আ কার্যকর।

দু'আ সমূহঃ (সূরা আরাফ)

رَبُّنَا وَسِعَ رُبُّنَا كُلُّ شَيْءٍ عَلِمَا عَلَى اللَّهِ تَوَكَّلْنَا رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَأَنْتَ خَيْرُ الْفَاتِحِينَ

"যীমাংসাকারীদের উত্তম এবং তুমিই জ্ঞানের সঠিক জাতির আমাদের ও মাঝে মাঝে আমাদের যীমাংসা করে দাও হে আমাদের রব নির্ভর করেছি আমরা আল্লাহরই উপর (অতএব) জানে কিছুকে সব আমাদের রব পরিবেষ্টন করে আছেন আমাদের রব
"those who Decide (of) Best (are the) and You in truth our people and between between us Decide |Our Lord we put our trust Allah Upon knowledge (in) thing every Our Lord (by) Encompasses our Lord

رَبُّنَا ۖ وَسِعَ رَبُّنَا كُلَّ شَيْءٍ عِلْمًا ۖ عَلَى اللَّهِ تَوَكَّلْنَا ۖ رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَأَنْتَ خَيْرُ الْفَاتِحِينَ

আমাদের রবের জ্ঞান সমস্ত জিনিসকে ঘিরে আছে। আল্লাহর প্রতিই আমরা ভরসা করেছি। হে আমাদের প্রতিপালক আমাদের ও আমাদের সম্প্রদায়ের মধ্যে ফয়সালা করে দাও যথার্থ ফয়সালা। আপনিই শ্রেষ্ঠতম ফয়সালাকারী। (আয়াতঃ ৮৯)

প্রেক্ষাপটঃ কাফির সম্প্রদায়ের অহংকারী দাস্তিক নেতাদের পক্ষ থেকে শুয়াইব আ ও তাঁর অনুসারীরা জনপদ থেকে তিরস্কার, মিথ্যাবাদী আখ্যা ও বহিস্কার হওয়ার পরিপ্রেক্ষিতে হযরত শুয়াইব আ এই দু'আ করেন। আল্লাহ দু'আ কবুল করে সেই জাতিকে আযাব দেন।

رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَتَوَفَّنَا مُسْلِمِينَ

মুসলিম হিসেবে (অনুগত) ও মৃত্যু দাও আমাদের ধৈর্য উপর আমাদের তুমি ঢেলে দাও হে আমার রব
"Muslims (as) and cause us to die patience upon us Pour |Our Lord

رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَتَوَفَّنَا مُسْلِمِينَ

হে আমাদের পরওয়ারদেগার আমাদের জন্য ধৈর্যের দ্বার খুলে দাও এবং আমাদেরকে মুসলমান হিসাবে মৃত্যু দান কর। (আয়াতঃ ১২৬)

প্রেক্ষাপটঃ যখন যাদুকরেরা মূসা (আঃ)-এর উপর ঈমান আনার কথা ঘোষণা করে দিল। ফিরআউন জাদুকরদের হুমকি পরিস্কারভাবে বলল, “আমি তোমাদের সবার বিপরীত দিকের হাত-পা কেটে তোমাদের সবাইকে শূলীতে চড়াব”, তখন ফিরআউনকে যাদুকরেরা বললো তুমি তো আমাদের উপর দোষারোপ করছ শুধু এ জন্য যে, আমরা আমাদের প্রতিপালকের নিদর্শনসমূহ যখন আমাদের নিকট এসেছে, তখন আমরা তাতে বিশ্বাস স্থাপন করেছি, তারপর আল্লাহর দরবারে এই দু'আটি করেছিলো।

দু'আ সমূহঃ (সূরা আরাফ)

سُبْحَانَكَ	تُبْتُ	إِلَيْكَ	وَأَنَا	أَوَّلُ	الْمُؤْمِنِينَ
তুমি মহিমাময়	আমি তওবা করছি	কাছে তোমার	এবং আমি (হচ্ছি)	প্রথম	"মু'মিন
"Glory be to You"	I turn (in repentance)	to you	and I am	first (the)	"the believers (of)

سُبْحَانَكَ تُبْتُ إِلَيْكَ وَأَنَا أَوَّلُ الْمُؤْمِنِينَ

হে প্রভু! তোমার সত্তা পবিত্র, তোমার দরবারে আমি তওবা করছি এবং আমিই সর্বপ্রথম বিশ্বাস স্থাপন করছি।(আয়াতঃ১৪৩)

প্ৰেক্ষাপটঃ মূসা (আঃ) তুর পাহাড়ে মহান আল্লাহ তাঁর সাথে সরাসরি কথা বলেন ও অন্তরে আল্লাহকে দেখার আকাঙ্ক্ষা প্রকাশ করলে বললেন, ‘তুমি আমাকে কখনই দেখবে না। তুমি বরং পাহাড়ের প্রতি লক্ষ্য কর, যদি তা স্ব-স্থানে স্থির থাকে, তাহলে তুমি আমাকে দেখবে।’ সুতরাং যখন তার প্রতিপালক পাহাড়ে জ্যোতিষ্মান হলেন, তখন তা পাহাড়কে চূর্ণ-বিচূর্ণ করল আর মূসা সংজ্ঞাহীন হয়ে পড়ে গেল। অতঃপর যখন সে জ্ঞান ফিরে পেল, বললো উপরের দু’আটি।

رَبِّ	اغْفِرْ	لِي	وَلِإِخِي	وَأَدْخِلْنَا	فِي	رَحْمَتِكَ	وَأَنْتَ	أَرْحَمُ	الرَّحِيمِينَ
হে আমার রব	ক্ষমা করো	আমাকে	ও আমার ভাইকে	ও প্রবেশ করাও আমাদের	মধ্যে	তোমার অনুগ্রহের	এবং তুমিই	শ্রেষ্ঠ দয়াবান	"দয়াবানদের
!O my Lord"	Forgive	me	and my brother	and admit us	into	Your Mercy	for You	the Most Merciful (are)	"the merciful (of)

رَبِّ اغْفِرْ لِي وَلِإِخِي وَأَدْخِلْنَا فِي رَحْمَتِكَ ۖ وَأَنْتَ أَرْحَمُ الرَّاحِمِينَ

হে আমার পরওয়ারদেগার, ক্ষমা কর আমাকে আর আমার ভাইকে এবং আমাদেরকে তোমার রহমতের অন্তর্ভুক্ত কর। তুমি যে সর্বাধিক করুণাময়। (আয়াতঃ১৫১)

প্ৰেক্ষাপটঃ মূসা (আঃ) তুর পর্বতে পুরো চল্লিশ রাত্রি পার করে এসে দেখলেন যে, জাতির লোকেরা বাছুরের পূজা শুরু করেছে, তখন অত্যন্ত রাগান্বিত হলেন। হারুন আ দায়িত্বে ছিলেন কিন্তু তিনি অক্ষম ছিলেন(বারণ করার ফলে তারা তাঁকে হত্যা পর্যন্ত করতে উদ্যত হয়)। সেই জন্য মূসা (আঃ) নিজের জন্য ও ভাই হারুনের জন্য ক্ষমা ও দয়া চেয়ে দু’আ করলেন।

আনাস রাদিয়াল্লাহু আনহু বলেনঃ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ আয়াতটি তিলাওয়াত করে হাতের কনিষ্ঠাঙ্গুলির মাথায় বৃদ্ধাঙ্গুলিটি রেখে ইঙ্গিত করেছেন যে, আল্লাহ তা'আলার এতটুকু অংশই শুধু প্রকাশ করা হয়েছিল, যাতে পাহাড় পর্যন্ত ছিন্ন-ভিন্ন হয়ে গেল। অবশ্য এতে গোটা পাহাড়ই যে খণ্ড-বিখণ্ড হয়ে যেতে হবে তা অপরিহার্য নয়; বরং পাহাড়ের যে অংশে আল্লাহর তাজাল্লী বিচ্ছুরিত হয়েছিল, সে অংশটিই হয়ত প্রভাবিত হয়ে থাকবে। [আহমাদঃ ৩/১২৫, তিরমিযীঃ ৩০৭৪, হাকেমঃ ২/৩২০]

মূসা আলাইহিস সালাম সংজ্ঞা হারিয়ে ফেলায় তার পুরস্কারস্বরূপ হাশরের মাঠে তাকে প্রথম সচেতন হিসাবে দেখা যাবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেয়ামতের মাঠে মানুষ সংজ্ঞা হারিয়ে ফেলবে, আমিই সর্বপ্রথম সংজ্ঞা ফিরে পাব, তখন দেখতে পাব যে, মূসা আল্লাহর আরশের খুঁটি ধরে দাঁড়িয়ে আছেন। আমি জানি না তিনি কি আমার আগে সংজ্ঞা ফিরে পেয়েছেন, না কি তুর পাহাড়ে যে সংজ্ঞা হারিয়েছিলেন, তার বিনিময়ে তিনি সচেতনই ছিলেন। [বুখারীঃ ৪৬৩৮, মুসলিমঃ ২৩৭৪]

تُضِلُّ بِهَا مَنْ تَشَاءُ وَتَهْدِي مَنْ تَشَاءُ أَنْتَ وَلِيِّنَا فَأَغْفِرْ لَنَا وَأَرْحَمْنَا وَأَنْتَ خَيْرُ الْغَافِرِينَ

ক্ষমাকারীদের শ্রেষ্ঠ এবং আপনিই ও অনুগ্রহ করুন আমাদেরকে আমাদেরকে অতএব ক্ষমা করুন আমাদের অভিভাবক আপনিই ইচ্ছে করেন যাকে ও পথ দেখান ইচ্ছে করেন আপনি যাকে দ্বারা তা পথভ্রষ্ট করেন
 Forgivers (of) Best (are) and You and have mercy upon us us so forgive our Protector (are) You You will whom and You guide You will whom by it You let go astray

وَأَكْتُبْ لَنَا فِي هَذِهِ الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ إِنَّا هُدْنَا إِلَيْكَ

"দিকে আপনার প্রত্যাবর্তন করলাম আমরা নিশ্চয়ই আমরা আখেরাতে (কল্যাণ) ও মধ্যে কল্যাণ পৃথিবীর এই মধ্যে জন্যে আমাদের এবং লিখে দিন
 "to You we have turned Indeed, we the Hereafter and in good world [the] this in for us And ordain

تُضِلُّ بِهَا مَنْ تَشَاءُ وَتَهْدِي مَنْ تَشَاءُ أَنْتَ وَلِيِّنَا فَأَغْفِرْ لَنَا وَأَرْحَمْنَا وَأَنْتَ خَيْرُ الْغَافِرِينَ وَأَكْتُبْ لَنَا فِي هَذِهِ الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ إِنَّا هُدْنَا إِلَيْكَ

তুমি যাকে ইচ্ছা এতে পথ ভ্রষ্ট করবে এবং যাকে ইচ্ছা সরলপথে রাখবে। তুমি যে আমাদের রক্ষক-সুতরাং আমাদেরকে ক্ষমা করে দাও এবং আমাদের উপর করুণা কর। তাছাড়া তুমিই তো সর্বাধিক ক্ষমাকারী।

আর পৃথিবীতে এবং আখেরাতে আমাদের জন্য কল্যাণ লিখে দাও। আমরা তোমার দিকে প্রত্যাবর্তন করছি (আয়াতঃ ১৫৫-১৫৬)

প্ৰেক্ষাপটঃ মূসা আ তার জাতির সত্তর জন লোককে বাছাই করলেন আল্লাহর নির্ধারিত সময়ে উপস্থিত হওয়ার জন্য। যখন ভূমিকম্প তাদের উপর আঘাত হানল তখন মূসা আ এই দু'আ করেছিলেন।

